গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০২০.১১.০০১.২৬.**২৯৬**

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩৩ / ১৫ অক্টোবর, ২০২৬

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ২০-০৫-২০২৬ তারিখের ৮০.০০.০০০০.২০২.৬৪.০৩৩.২৩ (অংশ)-৭২ সংখ্যক পত্রের মাধ্যমে সুপারিশকৃত রাজস্ব খাতে নিম্নবর্ণিত প্রার্থীগণ-কে জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী ০৯ম গ্রেডভুক্ত ৪৪০০০-১০৫৯০০/- টাকা বেতনস্কেল এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নন-ক্যাডার **'সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)'** পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্র/নং | প্রার্থীর নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | রেজিস্ট্রেশন নম্বর |
|---|---|---|---|
| ১. | আমিনুন নাহার<br>পিতা: আমিরুল ইসলাম দেওয়ান<br>গ্রাম: বাড্ডা, ডাকঘর: বায়রা, থানা: সিংগাইর, জেলা: মানিকগঞ্জ | ৪/১ পশ্চিম রাজারবাগ, থানা: সবুজবাগ,ঢাকা। | ১১০৯৭৫৫৭ |
| ২. | দোলন তিথি বিশ্বাস<br>পিতা: শিশির কুমার বিশ্বাস<br>গ্রাম: মধুমল্লার ডাংগী, ডাকঘর: সাতক্ষীরা,<br>থানা: সাতক্ষীরা সদর, জেলা: সাতক্ষীরা | একই | ১৪০০০২২০ |
| ৩. | ইফরাত জাহান মৌসুমী<br>পিতা-মোঃ মনিরুল ইসলাম সরকার<br>স্বর্ণলতা, চান্দপুর, হারুন স্কুলের উত্তরে, কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা-৩৫০০ | বাসা নং-১০, রোড নং-১২, ব্লক-খ, পিসি কালচার হাউজিং সোসাইটি, শেখেরটেক, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ১১০২৪০২৮ |
| ৪. | আপন সরকার মনীষা<br>পিতা-মুকুল চন্দ্র সরকার<br>গ্রাম: ঈশ্বরগ্রাম, ডাকঘর: মুক্তাগাছা, উপজেলা: মুক্তাগাছা, জেলা: ময়মনসিংহ | একই | ১৮০০১৯৫৬ |

**র্তবলি:**

ক) বর্ণিত পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তাঁদের চাকরি শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তাঁদের শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবে;

খ) যদি শিক্ষানবিশকালে তাঁদের আচরণ ও কার্যাবলি সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সেক্ষেত্রে সরকার কোন কারণ দর্শানো ব্যতীত তাঁদেরকে চাকুরি হতে অপসারণ করতে পারবে;

গ) বর্ণিত পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ এবং শিক্ষানবিশকাল সন্তোষজনক সাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ী করা হবে;

ঘ) প্রজ্ঞাপনে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

**আগামী ১৫ নভেম্বর, ২০২৬ তারিখ** অফিস চলাকালীন সময়ে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলদেশ সচিবালয় বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে;

চাকরিতে যোগদানকালে তাঁদেরকে যোগদানপত্রের সাথে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;

চাকরিতে যোগদানের জন্য তাঁরা কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না;

নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকরি করতে ইচ্ছুক নন মর্মে গণ্য হবে এবং নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগপত্র জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

১৫/১০/২০২৬

(মোহাম্মদ মাসুম)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৭১৪০
section10@mole.gov.bd



CamScanner

স্মারক নং-৪০.০০.০০০০.০২০.১১.০০১.২৬.২৯৬/(১০)

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩৩ / ১৫ অক্টোবর, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।
৪। মন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা **(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।**
৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।**
৬। সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।**
৭। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা **(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। জনাব----------।
১০। অফিস কপি।

CamScanner